দৈনিক সংবাদ

তারিখ ..24 DEC.1986 পৃষ্ঠা ... ... ... 6 কলাম 5 ... ...

24

# সংকটের কবলে সরিষাবাড়ী মহাবিদ্যালয়

জামালপুর, ২২শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।–স্থানীয় বিদ্যানুরাগী মহলের প্রচেষ্টায় সরিষাবাড়ী উপজেলা সদরে মহাবিদ্যালয়টি স্থাপিত হয় ১৯৬৮ সালে। প্রতিষ্ঠার পর থেকেই এই শিক্ষা প্রতিষ্ঠানটি সরিষাবাড়ী উপজেলা এবং সংলগ্ন বিস্তীর্ণ এলাকায় উচ্চতর শিক্ষাবিস্তারের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ও অগ্রণী ভূমিকা পালন করে আসছে। কিন্তু বর্তমানে নানা সমস্যার আবর্তে পড়ে শিক্ষা প্রতিষ্ঠানটির দৈনন্দিন পরিচালন ব্যবস্থা নানা ভাবে ব্যাহত হচ্ছে। সেই সঙ্গে বিঘ্নিত হচ্ছে মহাবিদ্যালয়ের শিক্ষার পরিবেশ।

বর্তমানে এ শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা চার হাজার ছাড়িয়ে গেছে। কিন্তু এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক সংকট, শ্রেণীকক্ষ ও আসবাবপত্রের স্বল্পতা, আর্থিক সংকট, পাঠাগারের অভাব রয়েছে। এছাড়া একটি অসম্পূর্ণ বিজ্ঞান গবেষণাগার রয়েছে। বর্তমানে শিক্ষক রয়েছেন সব মিলিয়ে মাত্র ১৫ জন। কেবলমাত্র বাংলা ও ইংরেজী বিভাগের দু'জন করে শিক্ষক আছেন। পদার্থবিদ্যা, রসায়ন, ভূগোল, অংক, জীববিজ্ঞান বিষয়ে শিক্ষক আছেন মাত্র একজন করে। শিক্ষক স্বল্পতা ও অর্থ সংকটের দরুন এখন পর্যন্ত মহাবিদ্যালয়ে স্নাতক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা সম্ভব হয়নি। মহাবিদ্যালয়ে শ্রেণীকক্ষের সংকট প্রকট। মহাবিদ্যালয়ের ভবনটি অপরিসর। মহাবিদ্যালয়ে রয়েছে বেঞ্চ, চেয়ার, টেবিল, ব্লাকবোর্ডসহ আসবাবপত্রের তীব্র সংকট। বেঞ্চের অভাবে অনেক ছাত্র-ছাত্রীকে দাঁড়িয়ে ক্লাস করতে দেখা যায়।

মহাবিদ্যালয়ে কোন পাঠাগার নেই। ফলে ছাত্র-ছাত্রীদের পড়াশোনার খুবই অসুবিধা হচ্ছে। বিজ্ঞান গবেষণাগারে প্রয়োজনীয় সরঞ্জাম নেই; নেই কোন খেলাধুলার সরঞ্জাম। ছাত্র-ছাত্রীদের মিলনায়তন দুটি খুব ছোট। ভেতরে বসার কোন ব্যবস্থা নেই, খেলার কোন ব্যবস্থা নেই, পড়ার জন্যে কোন সংবাদপত্র নেই।

আর্থিক সংকট মহাবিদ্যালয়ের অন্যতম প্রধান সমস্যা। প্রয়োজনীয় তহবিলের অভাবে মহাবিদ্যালয় ভবনটির উন্নয়ন ও সম্প্রসারণের কোন কাজই করা যাচ্ছে না। এই অর্থ সংকট দিনে দিনে বেড়েই চলেছে।

স্থানীয় জনগণ শিক্ষা প্রতিষ্ঠানটিকে সরকারীকরণের জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছে।